

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-০০৪৬

তারিখঃ ০২.১২.২০১৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ কামরুল হদা মোহাম্মদ সোহেল (৪২৮২৪), ইমার্জেন্সী মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৮.০২.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-২৩৩নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


ডাঃ কামরুল হদা মোহাম্মদ সোহেল (৪২৮২৪)
ইমার্জেন্সী মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
সিংগাইর, মানিকগঞ্জ
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম+ডাকঘর-বাইয়াখালী, উপজেলা-পেকুয়া, জেলা-কক্সবাজার)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-০০৪৬/০(৪)

তারিখঃ ০২.১২.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, মানিকগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(ফারজানা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৩- ০২

তারিখঃ ০২.০১.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ আব্দুল্লাহ আল মাসুদ (১১২১৮৪) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৯.১২.২০১৩ তারিখে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, মন্ত্রণালয়ের ১৮.১২.২০১৩ তারিখের স্বাপকম/চিশিজ-২/শিক্ষাছুটি-৭/২০১৩-৮৪৪নং স্মারকে তীর ০১.০৭.২০১২ তারিখ হতে ৩১.১২.২০১৩ তারিখ পর্যন্ত সময়কে শিক্ষাছুটি হিসেবে মঞ্জুর করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ আব্দুল্লাহ আল মাসুদ (১১২১৮৪) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তীর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদান করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৩- ০২/১ (৭)

তারিখঃ ০২.০১.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। ডাঃ আব্দুল্লাহ আল মাসুদ (১১২১৮৪) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা


(হাছিনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd